শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100




# লাইসেন্স গাইড

বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড
প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২৫ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।

ফোন: (০২) ৫৮৩১৫২১৪
ইমেইল: info@ocei.gov.bd
ফ্যাক্স: (০২) ৫৮৩১৫২১৩

ওয়েব সাইটসমূহ:
জাতীয় তথ্য বাতায়ন: ocei.gov.bd
ই-সার্ভিস: e-service.ocei.gov.bd
https://www.facebook.com/ocei.elb

# মুখবন্ধ

৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য প্রযুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। এ জন্য তথ্য প্রযুক্তিকে প্রাতিষ্ঠানিকভাবে বাস্তবায়নে গুরুত্ব দেয়া প্রয়োজন। এর গুরুত্ব অনুধাবন করে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এবং এর আওতায় বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের কার্যক্রমের কোন্ সেবায় ৪র্থ শিল্পবিপ্লবের আলোচিত কোন্ প্রযুক্তি ব্যবহার করে গ্রাহককে কিভাবে আরো উন্নত সেবা প্রদান করা যায়, সে বিষয়ে চিন্তা ভাবনা করা হচ্ছে। অপরদিকে বোর্ডের সকল কার্যক্রম তথ্য প্রযুক্তির মাধ্যমে ই-সেবা দ্বারা পরিচালিত হচ্ছে। যেমন- বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের মাধ্যমে পরিচালিত ইলেকট্রিশিয়ান লাইসেন্স, বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স এবং বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স। তথ্য প্রযুক্তির এই ই-সেবাসমূহ সংশ্লিষ্ট সকলের কাছে অত্যন্ত প্রশংসনীয় ও জনপ্রিয় হয়ে উঠেছে। এই লাইসেন্সসমূহ পেতে সফটওয়্যার ব্যবহারের এবং সফটওয়্যারে আবেদন ফরম পূরণ ও দাখিল করার সহজ নিয়মাবলি সম্বলিত সহায়িকা বা গাইড প্রকাশ করার বিষয়ে এ দপ্তরের মাসিক সমন্বয় সভায় আলোচনা করা হয়। সভায় বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডকে গাইড প্রণয়নের জন্য দায়িত্ব দেয়া হয়।

সংশ্লিষ্ট সেবা প্রত্যাশীগণের প্রত্যাশার নিরিখে বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের অক্লান্ত প্রচেষ্টায় প্রণীত গাইডটি সংশ্লিষ্ট সকলের কাছে সফটওয়্যার ব্যবহারে গুরুত্বপূর্ণ সহায়ক হিসেবে কাজ করবে বলে আমি মনে করি। গাইডে লাইসেন্সের প্রাসঙ্গিক সকল প্রকার তথ্য, সফটওয়্যারে নতুন ই-লাইসেন্সের জন্য আবেদনের ক্ষেত্রে নিয়মাবলী, পরীক্ষা সংক্রান্ত তথ্য, নবায়নের ক্ষেত্রে নিয়মাবলী এবং পরীক্ষার্থীদের শ্রেণি ভিত্তিক সিলেবাস সন্নিবেশ করা হয়েছে এবং সেগুলো লাইসেন্সের প্রকারভেদে সূচিপত্রে পৃথকভাবে সাজানো রয়েছে; যা পাঠকদের কাছে বুঝতে সহজ হবে।

বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের এটিই প্রথম এধরণের গাইডের প্রকাশনা। এই প্রকাশনা প্রণয়নে যারা উদ্যোগ নিয়েছেন এবং দায়িত্ব পালন করে প্রকাশনাটিকে বাস্তব রূপ দিয়েছেন তাঁদেরকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে দক্ষ জনশক্তি যোগানে দেশে বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের ভূমিকা যেমন অপরিসীম অপরদিকে এ গাইডও বোর্ডের কার্যক্রমে সহায়তার যথেষ্ট স্বাক্ষর রাখবে বলে আমি মনে করি।

**(আবুল খায়ের মোঃ আক্কাস আলী)**
(যুগ্মসচিব)
প্রধান বিদ্যুৎ পরিদর্শক
এবং চেয়ারম্যান, বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সূচিপত্র


১. ভূমিকা...................................................................................................................................৩

২. পরিধি......................................................................................................................................৩

৩. লক্ষ্য ও উদ্দেশ্য.......................................................................................................................৩

৪. সংজ্ঞা......................................................................................................................................৩

৫. কার্যাবলি.................................................................................................................................৩

**৬. ইলেকট্রিশিয়ানদের ইলেকট্রিশিয়ান লাইসেন্স..........................................................................৪**

৬.১. নতুন আবেদনের ক্ষেত্রে................................................................................................৪-৫

৬.২. পরীক্ষা সংক্রান্ত তথ্য......................................................................................................৫

৬.৩. ইলেকট্রিশিয়ান লাইসেন্স নবায়নের ক্ষেত্রে.......................................................................৬

৬.৪. ইলেকট্রিশিয়ান লাইসেন্স পরীক্ষার সিলেবাস....................................................................৭

৬.৪.১ 'সি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে সিলেবাস......................................................................৭

৬.৪.২ 'বি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে সিলেবাস......................................................................৮

৬.৪.৩ 'এ' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে সিলেবাস......................................................................৮

**৭. প্রকৌশলীদের বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স...................................................................৯**

৭.১. নতুন আবেদনের ক্ষেত্রে................................................................................................৯-১০

৭.২. পরীক্ষা সংক্রান্ত তথ্য......................................................................................................১০

৭.৩. বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে..........................................................১১

৭.৪. বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স পরীক্ষার সিলেবাস ......................................................১২

৭.৪.১ 'সি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে সিলেবাস......................................................................১২

৭.৪.২ 'বি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে সিলেবাস......................................................................১৩

৭.৪.৩ 'এ' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে সিলেবাস......................................................................১৩-১৪

**৮. ঠিকাদারদের বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স............................................................................১৫**

৮.১. নতুন আবেদনের ক্ষেত্রে................................................................................................১৫-১৬

৮.২. বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স নবায়নের ক্ষেত্রে................................................................১৬

**৯. পরিবর্তনের বিষয়ে.................................................................................................................১৭**

**১০. লাইসেন্সের প্রতিলিপি..........................................................................................................১৭**

**১১. লাইসেন্স স্থগিত বা বাতিল ....................................................................................................১৭**

**১২. তফসিল (লাইসেন্স ফি'র তালিকা)..........................................................................................১৭**

## ইলেকট্রিশিয়ান লাইসেন্স, বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স ও বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স সংক্রান্ত লাইসেন্স গাইড

**১. ভূমিকা**

**১.১** মানুষের জীবনে জরুরী প্রয়োজনীয় বিষয়ের মধ্যে বিদ্যুৎ অন্যতম। বিদ্যুৎ প্রযুক্তি পরিবাহী নির্ভর শক্তি বিধায় এর নিরাপদ ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নিরাপদ বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে সহায়তা প্রয়োজন দক্ষ বিদ্যুৎ কর্মীর, প্রকৌশলী এবং অভিজ্ঞ প্রতিষ্ঠানের। এর ব্যত্যয় ঘটলে বিদ্যুৎ ব্যবহার মানুষের জীবনে মৃত্যু ঝুকি হয়ে উঠতে পারে। আর এই দক্ষ বিদ্যুৎ কর্মী, প্রকৌশলী এবং ঠিকাদারী প্রতিষ্ঠানকে মৌখিক, তাত্ত্বিক এবং ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে সুনিপুনভাবে যাচাই করে লাইসেন্স প্রদান করে থাকে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড। বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড একটি সামরিক ও বেসামরিক আন্ত দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের পদস্থ প্রকৌশলী/কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে গঠিত।

**১.২** বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের সকল সেবা প্রযুক্তি নির্ভর করে গড়ে তোলা হয়েছে এবং দিন দিন এর উন্নতি সাধন করা হচ্ছে।

**১.৩** বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের প্রধান কাজ হলো পরীক্ষা গ্রহণের মাধ্যমে লাইসেন্স প্রদান করা। ইলেকট্রিশিয়ানদের ইলেকট্রিশিয়ান লাইসেন্স, প্রকৌশলীদের বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স ও ঠিকাদারদের বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স। বিশেষ করে প্রতি পরীক্ষার সেশনে অনলাইনে ইলেকট্রিশিয়ানদের হাজার হাজার আবেদন পড়ে এবং প্রকৌশলী ও ঠিকাদারদের আবেদনও পড়ে উল্লেখযোগ্য। অনলাইনে এসব আবেদনে অনেক ত্রুটি দেখতে পাওয়া যায়। আবার অনেকে অনলাইনে আবেদন করতেই ভূল করে ফেলেন; যার ফলে অনেক আবেদন আমাদের প্যানেলে দাখিল হয়না। এমন অবস্থায় আমাদের পরীক্ষার কার্যক্রম গ্রহণে প্রতি নিয়ত সমস্যার সন্মুখীন হতে হয়। এসব ত্রুটি দূর করার জন্য এবং অনলাইনে নির্ভূল আবেদন করার জন্য সহায়িকা হিসেবে আমরা একটি গাইডলাইন প্রকাশ করতে সচেষ্ট হয়েছি। এই গাইড প্রকাশ আমাদের গ্রাহক সেবা সহজীকরণে আরেক ধাপ এগিয়ে যাওয়া।

**২. পরিধি**

**২.১** দক্ষ বিদ্যুৎ কারিগর হিসেবে দেশে এবং বিদেশে এর প্রয়োজনীয়তা এবং চাহিদা বিস্তৃত।

**৩. লক্ষ্য ও উদ্দেশ্য**

ক. আবাসিক, বাণিজ্যিক, সরকারি, বেসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, গার্মেন্টস, ক্ষুদ্র, মাঝারী ও বৃহৎ শিল্প কলকারখানায় বিদ্যুৎ নিরাপত্তা নিশ্চিতকরণে দক্ষ কারিগর গড়ে তোলা;
খ. দেশে এবং বিদেশে দক্ষ বিদ্যুৎ কারিগর হিসেবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
গ. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির তথ্য “বিদ্যুৎ বন্ধু” এ্যাপস এর মাধ্যমে মানুষের হাতের কাছে পৌছে দেয়া;
ঘ. উচ্চ ও অতিউচ্চচাপ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক স্থাপনায় বিধিবদ্ধভাবে নিরাপদ যন্ত্রপাতি স্থাপনে লাইসেন্সপ্রাপ্ত ঠিকাদারদের ব্যবহার করা।

**৪. সংজ্ঞা**

ক. “ফি” অর্থ সরকার কর্তৃক ধার্য্যকৃত ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদানের জন্য অর্থ;
খ. “সেন্টার ফি” অর্থ মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে জমা প্রদানের জন্য অর্থ;
গ. “বোর্ড” অর্থ বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড;
ঘ. “শ্রেণি” অর্থ লাইসেন্সের শ্রেণি;
ঙ. “OTP ”অর্থ One Time Password/PIN.

**৫. কার্যাবলি**

ক. ইলেকট্রিশিয়ানদের ইলেকট্রিশিয়ান লাইসেন্স প্রদান ও নবায়ন করা;
খ. প্রকৌশলীদের বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স প্রদান ও নবায়ন করা;
গ. ঠিকাদারদের বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স প্রদান ও নবায়ন করা;
ঘ. বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের মালিকানা বা ঠিকানা পরিবর্তন করা;
ঙ. সরকারের নন ট্যাক্স রাজস্ব (Non-Tax Revenue) আয় করা।

## ৬. ইলেকট্রিশিয়ানদের ইলেকট্রিশিয়ান লাইসেন্স

**৬.১ নতুন আবেদনের ক্ষেত্রে:**

- শ্রেণি : প্রার্থী 'সি' বা 'বিসি' বা 'বি' বা 'এ' বা 'এবি' বা 'এবিসি' শ্রেণির জন্য আবেদন করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, 'বি' বা 'এবি'-শ্রেণির আবেদনের জন্য 'সি'-শ্রেণি এবং 'এ'-শ্রেণির আবেদনের জন্য 'বিসি'-শ্রেণির লাইসেন্স প্রাপ্ত হতে হবে ।
- **পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন** : বিজ্ঞপ্তি প্রকাশের পর বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে ইলেকট্রিশিয়ান লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক প্রার্থীকে নির্ধারিত কোডে চালানের মাধ্যমে উল্লিখিত লাইসেন্স ফি'র টাকা ব্যাংকে এবং সেন্টার ফি'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করে নিম্নবর্ণিত দলিলাদিসহ অনলাইনে আবেদন করতে হবে, যথা-
  (ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;
  (খ) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
  (গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা লাইসেন্সপ্রাপ্ত কোনো বৈদ্যুতিক ঠিকাদার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ;
  (ঘ) জাতীয় পরিচয়পত্র; এবং
  (ঙ) ফি প্রদান সম্পর্কিত চালানের কপি।
- **ইলেকট্রিশিয়ান লাইসেন্সের জন্য প্রার্থীর যোগ্যতা** : ইলেকট্রিশিয়ান লাইসেন্সের জন্য প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে, যথা:-
  (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;
  (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল ট্রেডের উপর অন্যূন ৬(ছয়) মাসের প্রশিক্ষণ অথবা স্বীকৃত প্রতিষ্ঠানে বৈদ্যুতিক কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
  (গ) বয়স সর্বনিম্ন ১৮(আঠার) বৎসর হতে হবে।
- **আবেদনের ফিসমূহ** :

| শ্রেণি | ফি |
|---|---|
| সি | ৯০/- টাকা |
| বি | ১৫০/- টাকা |
| বিসি | ২৪০/- টাকা |
| এ | ৩০০/- টাকা |
| এবি | ৪৫০/- টাকা |
| এবিসি | ৫৪০/-টাকা |

- **চালানের কোড নম্বর** : ১ ৫৬৩১ ০০০০ ১৮৫৪
- **কোথায় চালান জমা দিবেন** : বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংক লি:
- **সেন্টার ফি** : প্রতি শ্রেণির জন্য ৩০০ টাকা হারে মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করতে হয়।
- **কোথায় আবেদন করবেন** : অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয় নিম্নে দেয়া হলো:

| | | |
|---|---|---|
| **রেজিষ্ট্রেশন পদ্ধতি** | ক) | প্রথমে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে **e-service.ocei.gov.bd** লিংকে প্রবেশ করুন। |
| | খ) | Registration বাটনে ক্লিক করুন ও User Registration Form পূরণ করুন এবং Submit বাটনে ক্লিক করুন। |
| | গ) | মোবাইলে একটি চার ডিজিট এর OTP যাবে সেটি ফরমে নির্ধারিত স্থানে ব্যবহার করুন এবং Submit বাটনে ক্লিক করুন। |
| **লগইন** | ঘ) | User ID হিসেবে নিজেদের মোবাইল নম্বর (ইংরেজি ডিজিট) অথবা ই-মেইল ব্যবহার করুন। |
| | ঙ) | Password হিসেবে রেজিস্ট্রেশন এ প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করুন। |
| | চ) | Login বাটনে ক্লিক করুন। |
| **এপ্লিকেশন পদ্ধতি** | ছ) | Application Menu তে ক্লিক করুন এবং সাবমেনু থেকে আপনার কাঙ্খিত এপ্লিকেশন (ইলেকট্রিশিয়ান লাইসেন্স এপ্লিকেশন) এ ক্লিক করুন |
| | জ) | আবেদনের নিয়মাবলিগুলি বিস্তারিতভাবে পড়ুন এবং I Agree বাটনে ক্লিক করুন। |
| | ঝ) | যে ফরমটি পাবেন তাতে আপনার নিজের ব্যক্তিগত তথ্যগুলি যেমন স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা সঠিকভাবে ইংরেজি ঘরে ইংরেজিতে এবং বাংলার ঘরে বাংলাতে পূরণ করুন এবং শিক্ষাগত যোগ্যতা এর ঘরে সকল তথ্য পূরণ করে অবশ্যই পরীক্ষা পাশের সার্টিফিকেট সংযুক্ত করুন। তারপরে চাকরির অভিজ্ঞতার ঘরটি যথার্থভাবে পূরণ করুন। |
| | ঞ) | সংযুক্তিতে আপনার ছবি ও স্বাক্ষর সংযুক্ত করে **I hereby declare** এর বাম পাশের চেক বক্সে ক্লিক করুন এবং Save & Next বাটনে ক্লিক করুন। |
| **ফি প্রদান পদ্ধতি** | ট) | (১) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালান এর মাধ্যমে নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করে চালান এর স্ক্যান কপি সংরক্ষণ করুন। License Fee এর ঘরে ব্যাংকের নাম, ব্রাঞ্চের নাম, চালান নং, তারিখ ও চালানের স্ক্যান কপি সংযুক্ত করে "Save Payment Info" বাটনে ক্লিক করুন। |
| | | (২) Center Fee পরিশোধ এর জন্য Make Payment বাটনে ক্লিক করুন এবং মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করুন। |

| | | |
|---|---|---|
| **ফাইনাল সাবমিশন** | ঠ) | পেমেন্ট কমপ্লিট হওয়ার পর ড্যাশবোর্ড এর Application List থেকে “Final Submit” বাটন এ ক্লিক করুন। Application এ কোনো ধরনের সংশোধন এর প্রয়োজন থাকলে “Final Submit”বাটনে ক্লিক করার পূর্বেই “EDIT” বাটন এ ক্লিক করে তথ্য সংশোধন করে Save করুন। উল্লেখ্য Final Submit করার পর আর কোন তথ্য সংশোধন করা যাবে না । সফল ভাবে Application সম্পন্ন হলে পপ আপে Your Application Successfully Submited দেখাবে। Dashboard এর List এ Application Status “Submitted” দেখাবে । |

- ❖ পরীক্ষার তারিখ, সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে এবং প্রত্যেক পরীক্ষার্থী e-service.ocei.gov.bd হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রবেশপত্রের কপিসহ শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ ও সংযুক্ত ট্রেজারী চালানের মূলকপিসহ পরীক্ষার সময় উপস্থিত থাকতে হবে।

- ❖ যে সকল প্রার্থী **A/AB/ B** শ্রেণির জন্য আবেদন করবেন, তাদের পূর্বের লাইসেন্স এর মেয়াদ কমপক্ষে ৬(ছয়) মাস থাকতে হবে।

- ❖ প্রার্থী যে তারিখে আবেদন করবেন তার ২(দুই) মাস পূর্বের কোন জমাকৃত চালান গ্রহণযোগ্য হবে না এবং জমাকৃত ট্রেজারী চালানের টাকা ও সেন্টার ফিসের টাকা ফেরৎ যোগ্য নয়।

- ❖ যে সকল প্রার্থী পূর্বে রেজিষ্টেশন করেছেন তাদেরকে পুণরায় রেজিষ্টেশন না করে পূর্বের User ID এবং Password দিয়ে লগইন করে আবেদন করতে হবে। উল্লেখ্য একই মোবাইল/ই-মেইল/এনআইডি নম্বর একাধিকবার ব্যবহার করা যাবে না।

- ❖ অসম্পন্ন আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

- ❖ Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

## ৬.২ পরীক্ষা সংক্রান্ত তথ্য

- পরীক্ষা পদ্ধতি : মৌখিক ও ব্যবহারিক
- পরীক্ষার ফলাফল : পরীক্ষা শেষে পরীক্ষার দিনই ওয়েবসাইটে ও ফেইজবুকে ফলাফল প্রকাশ করা হয়।
- পাশের পর লাইসেন্স কিভাবে পাবেন :
  - ➢ আপনার রেজিষ্ট্রেশনকৃত মোবাইলে এসএমএস যাবে। এসএমএস এর নির্দেশনা অনুযায়ী যে কোনো ওয়েব ব্রাউজার থেকে **e-service.ocei.gov.bd** লিংকে প্রবেশ করুন।
  - ➢ উপরে ডান পাশের Login বাটনে ক্লিক করুন।
  - ➢ আপনার যে মোবাইল নম্বরে সিস্টেম থেকে এসএমএসটি গিয়েছে, সেই মোবাইল নম্বর দিয়ে User ID এবং আপনার রিসেট করা Password দিন।
  - ➢ Login বাটনে ক্লিক করলে আপনার লাইসেন্স চলে আসবে। ডাউনলোড করুন।

**৬.৩ ইলেকট্রিশিয়ান লাইসেন্স নবায়নের ক্ষেত্রে:**

| | | | |
|---|---|---|---|
| • নবায়নের ফি | : | **শ্রেণি** | **ফি** |
| | | সি | ৩০/- টাকা |
| | | বিসি | ৯০/- টাকা |
| | | এবিসি | ১৮০/-টাকা |
| • জরিমানাসহ নবায়ন ফি | : | **শ্রেণি** | **ফি** |
| | | সি | ৬০/- টাকা |
| | | বিসি | ১২০/- টাকা |
| | | এবিসি | ২১০/-টাকা |
| • চালানের কোড নম্বর | : | ১ ৫৬৩১ ০০০০ ১৮৫৪ | |
| • কোথায় চালান জমা দিবেন | : | বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংক লি: | |
| • নবায়নের জন্য কি প্রয়োজন | : | জমাকৃত মূল ট্রেজারী চালান Scan করতে হবে। | |

• অনলাইনে নবায়নের পদ্ধতি :

- ➢ আপনার রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বর দিয়ে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে **e-service.ocei.gov.bd** লিংকে প্রবেশ করুন।
- ➢ উপরে ডান পাশের Login বাটনে ক্লিক করুন।
- ➢ আপনার মোবাইল নম্বর দিয়ে User ID এবং আপনার রিসেট করা Password দিন।
- ➢ নিচের Login বাটনে ক্লিক করুন।
- ➢ বাম পাশের Dashboard এর Renew Application বাটনে ক্লিক করুন।
- ➢ Electrician License বাটনে ক্লিক করলে "Electrician License Renew Application Form" Open হবে।
- ➢ ফরমটি যথাযথভাবে পূরণকরত: Renew Payment Information এর ঘরে জমাকৃত চালানের ব্যাংকের নাম, শাখার নাম, চালান নম্বর ও তারিখ উল্লেখ করুন। টাকার পরিমান Automatically আসবে।
- ➢ Challan Scan Copy এর Chosen File ঘরে Scanকৃত চালানটি আপলোড করুন এবং নিচের Submit বাটনে ক্লিক করে Submit করুন।

## ইলেকট্রিশিয়ান লাইসেন্স পরীক্ষার সিলেবাস:

### ৬.৪.১ 'সি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রেঃ

**(ক) বিদ্যুৎ সম্পর্কিত প্রাথমিক ধারনা:**

ইলেকট্রিসিটির সংজ্ঞা এবং উহার শ্রেণিবিভাগ- বিদ্যুৎ পরিবাহি, অপরিবাহি ও অর্ধপরিবাহি পদার্থের সাথে পরিচিতি - কারেন্ট, ভোল্টেজ, রেজিস্ট্যান্স এর সংজ্ঞা এবং উহাদের একক সমূহের নাম, পরিমাপক যন্ত্রের নাম এবং বর্তনীর সাথে সংযোগ করিবার পদ্ধতি - বৈদ্যুতিক বর্তনী বা সার্কিটের সংজ্ঞা এবং উহার প্রকারভেদ - সিরিজ সার্কিট , প্যারালাল সার্কিট, মিশ্র সার্কিট, সিংগেল লাইন ডায়াগ্রাম এবং হাউজ ওয়্যারিং ডায়াগ্রাম সম্পর্কে প্রাথমিক জ্ঞান, বৈদ্যুতিক লোড, লোডের প্রকারভেদ এবং মোট লোড ক্যালকুলেশন সম্পর্কে ধারণা;

**(খ) ওয়্যার ও ক্যাবল:**

ওয়্যার ও ক্যাবল এর সংজ্ঞা – পার্থক্য- প্রকারভেদ - পি.ভি.সি (BYA/ BYM/ NYY/ FR/ HT ক্যাবল, ইত্যাদি) ক্যাবলের বৈশিষ্ট, সুবিধা, অসুবিধা এবং ব্যবহারের ক্ষেত্র, ফ্ল্যাক্সিবল কর্ড/ ফ্ল্যাক্সিবল ক্যাবল, ওয়েদার প্রুফ ক্যাবল ও আরমার্ড ক্যাবলের সুবিধা, অসুবিধা এবং ব্যবহারের ক্ষেত্র – ক্যাবলের জয়েন্ট - জয়েন্টের শ্রেণিবিভাগ এবং জয়েন্ট করিবার পদ্ধতি, ক্যাবলের ফেজ, নিউট্রাল এবং আর্থিং এর কালার কোড সমন্ধে জ্ঞান;

**(গ) হাউজ ওয়্যারি:**

হাউজ ওয়্যারিং এর সংজ্ঞা ও শ্রেণিবিভাগ - বিভিন্ন প্রকার হাউজ ওয়্যারিং পদ্ধতি ও উহার সুবিধা, অসুবিধা, ব্যবহার ক্ষেত্র সুইচ, সকেট, সুইচ বোর্ড/ এসডিবি / ডিবি/ এমডিবি/এমসিবি/এমসিসিবি ও জয়েন্ট বক্স - ক্যাবলের সাইজ নির্বাচন এবং ব্যবহারের ক্ষেত্র - ওয়্যারিং এ প্রয়োজনীয় মালামালের তালিকা, বৈদ্যুতিক ওয়্যারিং ডায়াগ্রামে ব্যবহৃত প্রতীক চিহ্ন সম্পর্কে ধারণা, ওয়্যারিং এর কাজ সমাপ্তির পর বিভিন্ন টেষ্ট পদ্ধতি, আর্থ রেজিস্ট্যান্স পরিমাপ পদ্ধতি, ইনসুলেশন রেজিস্ট্যান্স পরিমাপের পদ্ধতি, ওয়্যারিং এর কন্টিনিউটি / নিরবিচ্ছিন্নতা পরীক্ষা করিবার পদ্ধতি ও পোলারিটি টেস্ট করিবার পদ্ধতি;

**(ঘ) হাউজহোল্ড এপ্লায়েন্স:**

টিভি, বাতি, পাখা, কম্পিউটার, মাইক্রোওভেন, ওয়াশিংমেশিন, হিটার, কুকার, পাম্পের জন্য ছোট মোটর, বৈদ্যুতিক ঘণ্টা ইত্যাদির সংযোগ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারনা;

**(ঙ) সোলার সিস্টেম ও ব্যাটারি :**

সোলার সিস্টেমের মূলনীতি, প্রকারভেদ-সোলার হোম সিস্টেম, অন গ্রিড সিস্টেম, অফ গ্রিড সিস্টেম, প্যানেলের সিরিজ প্যারালেল সংযোগ সম্পর্কে জ্ঞান, সোলার প্যানেল, ইনভার্টার, ব্যাটারি-মূলনীতি, প্রকারভেদ, চার্জিং ডিসচার্জিং পদ্ধতি, ব্যাটারি সিস্টেম স্থাপন ও সংযোগ পদ্ধতি, হাইড্রোমিটারের ব্যহার, আইপিএস, ইউপিএস, ইত্যাদি সম্পর্কে ধারণা।

**(চ) আর্থিং:**

আর্থিং এর সংজ্ঞা - প্রয়োজনীয়তা, বিভিন্ন প্রকার আর্থিং করিবার পদ্ধতি, পাইপ আর্থিং ও প্লেট আর্থিং;

**(ছ) সার্ভিস কানেকশন ও বৈদ্যুতিক মিটার:**

সার্ভিস কানেকশনের সংজ্ঞা - শ্রেণিবিভাগ, সার্ভিস কানেকশন করিবার পদ্ধতি, সিঙ্গেল ফেজ ও থ্রি ফেজ মিটার স্থাপন ও সংযোগ প্রদান।

**(জ) সাধারণ হ্যান্ড টুলস,পরিমাপ যন্ত্রপাতি ও সেফটি ডিভাইসঃ**

ইলেকট্রিশিয়ানের সাধারণ হ্যান্ড টুলসের ব্যবহার, তালিকা প্রস্তুত করা, ব্যবহারের ক্ষেত্র, ভোল্ট মিটার, এমিটার, মাল্টি মিটার, মেগার, আর্থ টেস্টার ইত্যাদির সংযোগ ও ব্যবহার পদ্ধতি, সেফটি ডিভাইস ব্যবহারের পদ্ধতি ও প্রয়োজনীয়তা;

**(ঝ) নিরাপত্তা বিধি ও অন্যান্য:**

বৈদ্যুতিক কাজে নিরাপত্তা বিধির প্রয়োজনীয়তা - অবশ্য পালনীয় নিরাপত্তা বিধিসমূহ, বৈদ্যুতিক কাজে দুর্ঘটনা সংঘটনের কারণ ও তার প্রতিকার, প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয়তা, প্রাথমিক চিকিৎসায় ব্যবহৃত সরঞ্জামাদি ও বৈদ্যুতিক শকপ্রাপ্ত ব্যক্তির প্রাথমিক চিকিৎসা পদ্ধতি।

### ৬.৪.২ 'বি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রেঃ

**(ক) ডি.সি. জেনারেটরঃ**

মূলনীতি - গঠন – প্রকারভেদ, ডি.সি. জেনারেটরের প্যারালাল অপারেশন - সংযোগ পদ্ধতি ও রক্ষণাবেক্ষণ;

**(খ) ডি.সি. মোটর:**

মূলনীতি, গঠন, প্রকারভেদ ও ব্যবহার, মোটরের স্টার্টিং মেথড -মোটরের স্পিড কন্ট্রোল – সংযোগ পদ্ধতি - সাধারণ সমস্যা নির্ণয় ও সমাধান।

**(গ) এ.সি. জেনারেটর বা অল্টারনেটরঃ**

মূলনীতি - বিভিন্ন অংশের নাম, গঠন, ফ্রিকুয়েন্সি নিয়ন্ত্রণ ও ভোল্টেজ নিয়ন্ত্রণ, ল্যাম্প টেস্ট পদ্ধতি, ডি.সি. জেনারেটর এবং এ.সি. জেনারেটর এর মধ্যে পার্থক্য, অল্টারনেটরের সমান্তরাল অপারেশন ও সংযোগের পদ্ধতি;

**(ঘ) এ.সি. মোটর:**

এ.সি. মোটর -মূলনীতি, বিভিন্ন অংশের নাম, গঠন, প্রকারভেদ ও কার্যপদ্ধতি, বিভিন্ন প্রকার স্টার্টিং পদ্ধতি- স্টার ডেল্টা স্টার্টিং, ডিওএল স্টার্টার, সংযোগ পদ্ধতি, সাধারন সমস্যা নির্ণয় ও সমাধান পদ্ধতি;

**(ঙ) লিফট, এস্কেলেটর, রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশনার:**

লিফট/ এস্কেলেটর স্থাপন পদ্ধতি- ব্যবহৃত যন্ত্রপাতির নাম ও কাজ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারনা। রেফ্রিজারেটর/ এয়ারকন্ডিশনের মূলনীতি- ব্যবহৃত যন্ত্রাংশের নাম ও কাজ- প্রকারভেদ- পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারনা।

### ৬.৪.৩ 'এ' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রেঃ

**(ক) পাওয়ার স্টেশনঃ**

**বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদন সম্পর্কিত প্রাথমিক জ্ঞান, পাওয়ার স্টেশনের প্রকারভেদ, জেনারেশন হতে ডিস্ট্রিবিউশন পর্যন্ত পাওয়ার সিস্টেম সম্পর্কে ধারণা;**

**(খ) সাবস্টেশন/ গ্রিড সাবস্টেশন:**

প্রাথমিক ধারণা -সাবস্টেশনে ব্যবহৃত যন্ত্রাদির তালিকা, সাবস্টেশনের রক্ষণাবেক্ষণ, সিঙ্গেল লাইন ডায়াগ্রাম সম্পর্কে ধারনা, শর্ট সার্কিট, রিলে সেটিং, ডিসি সাপ্লাই, আর্থিং ইত্যাদি সম্পর্কে ধারনা;

**(গ) ট্রান্সফরমার:**

মূলনীতি - বিভিন্ন অংশের বর্ণনা ও প্রকারভেদ, ট্রান্সফরমারের কার্যনীতি, ট্রান্সফরমার ট্যাপিং, ইন্সট্রুমেন্ট ট্রান্সফরমার (পটেনশিয়াল ট্রান্সফরমার, কারেন্ট ট্রান্সফরমার), ট্রান্সফরমারের কুলিং সিস্টেম, ট্রান্সফরমার লস ইত্যাদি সম্পর্কে ধারনা;

**(ঘ) সুইচ গিয়ার:**

প্রকারভেদ - ব্যবহারের প্রয়োজনীতা, বিভিন্ন প্রকার ফিউজ ও সার্কিট এর ব্যবহার ক্ষেত্র নির্ণয় ও সংযোগ পদ্ধতি, শর্ট সার্কিট এবং রিলে সেটিং, ভিসিবি, এমওসিবি, ওসিবি, এসএফ৬, জিআইএস, এলবিএস, এসিবি, এমসিসিবি, এমসিবি সাধারণ সমস্যা নির্ণয় ও সমাধান পদ্ধতি;

**(ঙ) পাওয়ার ফ্যাক্টর ইম্প্রুভমেন্ট (পিএফআই):**

পিএফআই এ ব্যবহৃত যন্ত্রাংশের নাম ও কাজ, লো পাওয়ার ফ্যাক্টরের কারন ও প্রভাব, পিএফআই এর সুবিধা, পাওয়ার ফ্যাক্টরের মান উন্নয়নের পদ্ধতি;

**(চ) ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লাইন:** এ্যারিয়াল লাইন, আন্ডার গ্রাউন্ড লাইন ও সাবমেরিন লাইন স্থাপন পদ্ধতি-ক্যাবল স্থাপন ও জোড়া দেয়া-পাওয়ার ফ্যাক্টর, করোনা ইফেক্ট, স্কিন ইফেক্ট-বিভিন্ন প্রকার ইন্সুলেটরের ব্যবহার পদ্ধতি-ত্রুটি পরীক্ষা করা ও অপরিবাহীকরণের প্রতিবন্ধকতার পরিমাপ করা।

## ৭. প্রকৌশলীদের বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স

### ৭.১ নতুন আবেদনের ক্ষেত্রে:

- শ্রেণি : প্রার্থী ‘সি’ বা ‘বিসি’ বা ‘বি’ বা ‘এ’ বা ‘এবি’ বা ’এবিসি’ শ্রেণির জন্য আবেদন করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, ‘বি’ বা ’এবি’-শ্রেণির আবেদনের জন্য ’সি’-শ্রেণি এবং ’এ’-শ্রেণির আবেদনের জন্য ’বিসি’-শ্রেণির লাইসেন্স প্রাপ্ত হতে হবে ।
- প্রার্থীর আবেদনের যোগ্যতা : (ক) বি.এসসি ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে-
  ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে ইলেকট্রিক্যাল ইনষ্টলেশনের কাজে এক বৎসরের অভিজ্ঞতা এবং ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন/ ইনফরমেশন এন্ড টেলিকমিউনিকেশন/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং / মেকানিক্যাল / মেকাট্রনিক্স / ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন / মেরিন / সিভিল ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে ইলেকট্রিক্যাল ইনষ্টলেশনের কাজে তিন বৎসরের অভিজ্ঞতা অথবা
  (খ) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে-
  ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে ইলেকট্রিক্যাল ইনষ্টলেশনের কাজে তিন বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং ইলেকট্রনিক / মেকানিক্যাল / পাওয়ার / রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনার / সিভিল / মেরিন / কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে ইলেকট্রিক্যাল ইনষ্টলেশনের কাজে পাঁচ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
- আবেদনের ফিসমূহ :

| শ্রেণি | ফি |
|---|---|
| সি | ৬০০/- টাকা |
| বি | ১২০০/- টাকা |
| বিসি | ১৮০০/- টাকা |
| এ | ১৮০০/- টাকা |
| এবি | ৩০০০/- টাকা |
| এবিসি | ৩৬০০/-টাকা |

- চালানের কোড নম্বর : ১ ৫৬৩১ ০০০০ ১৮৫৪
- কোথায় চালান জমা দিবেন : বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংক লি:
- সেন্টার ফি : প্রতি শ্রেণির জন্য ৪০০ টাকা হারে মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করতে হয়।
- আবেদনের সময় হাতের কাছে কি কি রাখবেন : নিম্নে বর্ণিত কাগজপত্র Scan করে রাখতে হবে:
  (ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;
  (খ) প্রার্থীর কারিগরি শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
  (গ) অভিজ্ঞতার সনদ;
  (ঘ) জাতীয় পরিচয়পত্র;
  (ঙ) ফি প্রদান সম্পর্কিত চালানের মূলকপি;
  (চ) সাদা কাগজে নিজ স্বাক্ষর।
- কোথায় আবেদন করবেন : অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয় নিম্নে দেয়া হলো:

| | | |
|---|---|---|
| **রেজিস্ট্রেশন পদ্ধতি** | ক) | প্রথমে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে **e-service.ocei.gov.bd** লিংকে প্রবেশ করুন। |
| | খ) | Registration বাটনে ক্লিক করুন ও User Registration Form পূরণ করুন এবং Submit বাটনে ক্লিক করুন। |
| | গ) | মোবাইলে একটি চার ডিজিট এর OTP যাবে সেটি ফরমে নির্ধারিত স্থানে ব্যবহার করুন এবং Submit বাটনে ক্লিক করুন। |
| **লগইন** | ঘ) | User ID হিসেবে নিজেদের মোবাইল নম্বর (ইংরেজি ডিজিট) অথবা ই-মেইল ব্যবহার করুন। |
| | ঙ) | Password হিসেবে রেজিস্ট্রেশন এ প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করুন। |
| | চ) | Login বাটনে ক্লিক করুন। |
| **এপ্লিকেশন পদ্ধতি** | ছ) | Application Menu তে ক্লিক করুন এবং সাবমেনু থেকে আপনার কাঙ্খিত এপ্লিকেশন (সুপারভাইজার লাইসেন্স এপ্লিকেশন) এ ক্লিক করুন । |
| | জ) | আবেদনের নিয়মাবলিগুলি বিস্তারিতভাবে পড়ুন এবং I Agree বাটনে ক্লিক করুন। |
| | ঝ) | যে ফরমটি পাবেন তাতে আপনার নিজের ব্যক্তিগত তথ্যগুলি যেমন স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা সঠিকভাবে ইংরেজি ঘরে ইংরেজিতে এবং বাংলার ঘরে বাংলাতে পূরণ করুন এবং শিক্ষাগত যোগ্যতা এর ঘরে সকল তথ্য |

| | | |
|---|---|---|
| | | পূরণ করে অবশ্যই ইঞ্জিনিয়ারিং পাশের সার্টিফিকেট সংযুক্ত করুন। তারপরে চাকরির অভিজ্ঞতার ঘরটি যথার্থভাবে পূরণ করুন। |
| | ঞ) | সংযুক্তিতে আপনার ছবি ও স্বাক্ষর সংযুক্ত করে **I hereby declare** এর বাম পাশের চেক বক্সে ক্লিক করুন এবং Save & Next বাটনে ক্লিক করুন। |
| **ফি প্রদান পদ্ধতি** | ট) | (১) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালান এর মাধ্যমে নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করে চালান এর স্ক্যান কপি সংরক্ষণ করুন। License Fee এর ঘরে ব্যাংকের নাম, ব্রাঞ্চের নাম, চালান নং, তারিখ ও চালানের স্ক্যান কপি সংযুক্ত করে "Save Payment Info" বাটনে ক্লিক করুন। |
| | | (২) Center Fee পরিশোধ এর জন্য Make Payment বাটনে ক্লিক করুন এবং মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করুন। |
| **ফাইনাল সাবমিশন** | ঠ) | পেমেন্ট কমপ্লিট হওয়ার পর ড্যাশবোর্ড এর Application List থেকে "Final Submit" বাটন এ ক্লিক করুন। Application এ কোনো ধরনের সংশোধন এর প্রয়োজন থাকলে "Final Submit"বাটনে ক্লিক করার পূর্বেই "EDIT" বাটন এ ক্লিক করে তথ্য সংশোধন করে Save করুন। উল্লেখ্য Final Submit করার পর আর কোন তথ্য সংশোধন করা যাবে না । সফল ভাবে Application সম্পন্ন হলে পপ আপে Your Application Successfully Submited দেখাবে। Dashboard এর List এ Application Status "Submitted" দেখাবে । |

- পরীক্ষার তারিখ, সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে এবং প্রত্যেক পরীক্ষার্থী e-service.ocei.gov.bd হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রবেশপত্রের কপিসহ শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ ও সংযুক্ত ট্রেজারী চালানের মূলকপিসহ পরীক্ষার সময় উপস্থিত থাকতে হবে।

- যে সকল প্রার্থী **A/AB/ B** শ্রেণির জন্য আবেদন করবেন, তাদের পূর্বের লাইসেন্স এর মেয়াদ কমপক্ষে ৬(ছয়) মাস থাকতে হবে।

- প্রার্থী যে তারিখে আবেদন করবেন তার ২(দুই) মাস পূর্বের কোন জমাকৃত চালান গ্রহণযোগ্য হবে না এবং জমাকৃত ট্রেজারী চালানের টাকা ও সেন্টার ফিসের টাকা ফেরৎ যোগ্য নয়।

- যে সকল প্রার্থী পূর্বে রেজিষ্টেশন করেছেন তাদেরকে পুণরায় রেজিষ্টেশন না করে পূর্বের User ID এবং Password দিয়ে লগইন করে আবেদন করতে হবে। উল্লেখ্য একই মোবাইল/ই-মেইল/এনআইডি নম্বর একাধিকবার ব্যবহার করা যাবে না।

- অসম্পন্ন আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

- Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

## ৭.২ পরীক্ষা সংক্রান্ত তথ্য

| | | |
|---|---|---|
| • পরীক্ষা পদ্ধতি | : | মৌখিক ও ব্যবহারিক |
| • পরীক্ষার ফলাফল | : | পরীক্ষা শেষে পরীক্ষার দিনই ওয়েবসাইটে ও ফেইজবুকে ফলাফল প্রকাশ করা হয়। |
| • পাশের পর ই-সুপারভাইজার সার্টিফিকেট কিভাবে পাবেন | : | ➢ আপনার রেজিষ্ট্রেশনকৃত মোবাইলে এসএমএস যাবে। এসএমএস এর নির্দেশনা অনুযায়ী যে কোনো ওয়েব ব্রাউজার থেকে **e-service.ocei.gov.bd** লিংকে প্রবেশ করুন।<br>➢ উপরে ডান পাশের Login বাটনে ক্লিক করুন।<br>➢ আপনার যে মোবাইল নম্বরে সিস্টেম থেকে এসএমএসটি গিয়েছে, সেই মোবাইল নম্বর দিয়ে User ID এবং আপনার রিসেট করা Password দিন।<br>➢ নিচের Login বাটনে ক্লিক করলে আপনার লাইসেন্স চলে আসবে। ডাউনলোড করুন। |

**৭.৩ বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে :**

| | | | |
|---|---|---|---|
| • নবায়নের ফি | : | **শ্রেণি** | **ফি** |
| | | সি | ৩০০/- টাকা |
| | | বিসি | ৭২০/- টাকা |
| | | এবিসি | ১৩২০/-টাকা |
| • জরিমানাসহ নবায়ন ফি | : | **শ্রেণি** | **ফি** |
| | | সি | ৩৯০/- টাকা |
| | | বিসি | ৮১০/- টাকা |
| | | এবিসি | ১৪১০/-টাকা |

- চালানের কোড নম্বর : ১ ৫৬৩১ ০০০০ ১৮৫৪
- কোথায় চালান জমা দিবেন : বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংক লি:
- নবায়নের জন্য কি প্রয়োজন : জমাকৃত মূল ট্রেজারী চালান Scan করতে হবে।
- অনলাইনে নবায়নের পদ্ধতি :
  - ➢ আপনার রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বর দিয়ে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে **e-service.ocei.gov.bd** লিংকে প্রবেশ করুন।
  - ➢ উপরে ডান পাশের Login বাটনে ক্লিক করুন।
  - ➢ আপনার মোবাইল নম্বর দিয়ে User ID এবং আপনার রিসেট করা Password দিন।
  - ➢ নিচের Login বাটনে ক্লিক করুন।
  - ➢ বাম পাশের Dashboard এর Renewal Application বাটনে ক্লিক করুন।
  - ➢ Electrical Supervisor License বাটনে ক্লিক করলে “Electrical Supervisor License Renew Form” Open হবে।
  - ➢ ফরমটি যথাযথভাবে পূরণকরত: Renew Payment Information এর ঘরে জমাকৃত চালানের ব্যাংকের নাম, শাখার নাম, চালান নম্বর ও তারিখ উল্লেখ করুন। টাকার পরিমান Automatically আসবে।
  - ➢ Challan Scan Copy এর Choose File ঘরে Scanকৃত চালানটি আপলোড করুন এবং নিচের Submit বাটনে ক্লিক করে Submit করুন।

## বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স পরীক্ষার সিলেবাস:

### ৭.৪.১ 'সি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রেঃ

**(ক) বিদ্যুৎ সম্পর্কিত প্রাথমিক ধারণা:**

ইলেকট্রিসিটি এবং উহার শ্রেণিবিভাগ - বিদ্যুৎ পরিবাহী, অপরিবাহী ও অর্ধপরিবাহী পদার্থের সাথে পরিচিতি, কারেন্ট, ভোল্টেজ, রেজিস্ট্যান্সের সংজ্ঞা এবং উহাদের একক সমূহের নাম, পরিমাপক যন্ত্রের নাম, বৈদ্যুতিক বর্তনী বা সার্কিটের সংজ্ঞা এবং উহার প্রকারভেদ, ওহমের সূত্র, থেভনিন্সের সূত্র, নরটন্স সূত্র, কার্শফের সূত্র, সিরিজ সার্কিট, প্যারালাল সার্কিট, মিশ্র সার্কিট, পাওয়ার, এনার্জির সংজ্ঞা ও উহার একক পরিমাপ পদ্ধতি, এ.সি. কারেন্ট, ফ্রিকোয়েন্সি, থ্রি-ফেজ এসি সার্কিট ও সার্কিটের পাওয়ার নির্ণয়, স্টার এবং ডেল্টা সার্কিট, স্টার ও ডেল্টা সার্কিটের মধ্যে সুবিধা অসুবিধা, স্টার এবং ডেল্টা কানেকটেড সার্কিটের কারেন্ট, ভোল্টেজ ও পাওয়ারের সম্পর্ক, সিংগেল লাইন ডায়াগ্রাম সম্পর্কে জ্ঞান, তার/ক্যাবলের সাইজ নির্ধারণ, বৈদ্যুতিক লোড, লোডের প্রকারভেদ এবং মোট লোড ক্যালকুলেশন সম্পর্কে ধারণা;

**(খ) ওয়্যার ও ক্যাবল:**

ওয়্যার ও ক্যাবল এর সংজ্ঞা - পার্থক্য- প্রকারভেদ - পি.ভি.সি (BYA/ BYM/ NYY/ FR/ HT/ LT/ Network ক্যাবল ইত্যাদি) ক্যাবলের গঠন ও বৈশিষ্ট, সুবিধা, অসুবিধা এবং ব্যবহারের ক্ষেত্র, ফ্ল্যাক্সিবল কর্ড/ ফ্ল্যাক্সিবল ক্যাবল, ওয়েদার প্রুফ ক্যাবল, আরমার্ড ক্যাবল, বিবিটির গঠন , বৈশিষ্ট , সুবিধা, অসুবিধা এবং ব্যবহারের ক্ষেত্র – ক্যাবলের জয়েন্ট - জয়েন্টের শ্রেণি বিভাগ ও উহাদের ব্যবহার, - জয়েন্টের বৈশিষ্ট এবং জয়েন্ট করিবার পদ্ধতি । ক্যাবলের ফেজ, নিউট্রাল এবং আর্থিং এর কালার কোড সম্পর্কে জ্ঞান;

**(গ) হাউজ ওয়্যারিং:**

হাউজ ওয়্যারিং এর সংজ্ঞা ও শ্রেণি বিভাগ, বিভিন্ন প্রকার হাউজ ওয়্যারিং পদ্ধতি ও এর সুবিধা, অসুবিধা, ব্যবহার ক্ষেত্র - সুইচসকেট – সুইচ বোর্ড/ এসডিবি / ডিবি/ এমডিবি/এমসিবি/এমসিসিবি ও জয়েন্ট বক্স- ইত্যাদির গঠন, বৈশিষ্ট্য, ব্যবহার ক্ষেত্র – ক্যাবলের সাইজ নির্বাচন এবং ব্যবহারের ক্ষেত্র - নেটওয়ার্ক ওয়্যারিং - বৈদ্যুতিক ওয়্যারিং ডিজাইন ও ডায়াগ্রাম অংকন এবং ডায়াগ্রামে ব্যবহৃত প্রতীক/চিহ্ন সম্পর্কে ধারণা, ওয়্যারিং এর কাজ সমাপ্তির পর বিভিন্ন টেষ্ট পদ্ধতি, আর্থ রেজিস্ট্যান্স পরিমাপ পদ্ধতি, ইনসুলেশন রেজিস্ট্যান্স পরিমাপের পদ্ধতি ও পোলারিটি টেস্ট করিবার পদ্ধতি।

**(ঘ) হাউজহোল্ড এপ্লায়েন্স:**

টিভি, বাতি, পাখা, কম্পিউটার, মাইক্রোওভেন, ওয়াশিংমেশিন, হিটার, কুকার, পাম্পের জন্য ছোট মোটর, বৈদ্যুতিক ঘণ্টা ইত্যাদির সংযোগ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারনা।

**(ঙ) সার্ভিস কানেকশন ও বৈদ্যুতিক মিটার:**

সার্ভিস কানেকশরে- সংজ্ঞা, শ্রেণিবিভাগ, সার্ভিস কানেকশন করিবার পদ্ধতি, সিঙ্গেল ফেজ, থ্রি ফেজ মিটার, প্রিপেইড, পোষ্ট পেইড, স্মার্ট মিটারিং সিস্টেম স্থাপন ও সংযোগ প্রদান;

**(চ) পরিমাপ যন্ত্রপাতি ও সেফটি ডিভাইসঃ**

ভোল্ট মিটার, এমিটার, মাল্টি মিটার, মেগার, আর্থ টেস্টার ইত্যাদির সংযোগ ও ব্যবহার পদ্ধতি, সেফটি ডিভাইস ব্যবহারের পদ্ধতি ও প্রয়োজনীয়তা।

**(ছ) সোলার সিস্টেম ও ব্যাটারিঃ**

সোলার সিস্টেমের মূলনীতি , প্রকারভেদ -সোলার হোম সিস্টেম, অন গ্রিড সিস্টেম, অফ গ্রিড সিস্টেম, প্যানেলের সিরিজ প্যারালেল সংযোগ সম্পর্কে জ্ঞান, সোলার প্যানেল, ইনভার্টার, ব্যাটারি -মূলনীতি, প্রকারভেদ, চার্জিং, ডিসচার্জিং পদ্ধতি, ব্যাটারি সিস্টেম স্থাপন ও সংযোগ পদ্ধতি, হাইড্রোমিটারের ব্যবহার, আইপিএস, ইউপিএস ইত্যাদি সম্পর্কে ধারণা ;

**(জ) আইন, বিদ্যুৎ বিধিমালা, ২০২০ ও অন্যান্য নিরাপত্তা বিধি:**

আইন ও বিদ্যুৎ বিধিমালা, ২০২০ সম্পর্কে ধারণা, বৈদ্যুতিক কাজে নিরাপত্তা বিধির প্রয়োজনীয়তা - অবশ্য পালনীয় নিরাপত্তা বিধিসমূহ, বৈদ্যুতিক কাজে দুর্ঘটনা সংঘটনের কারণ ও তার প্রতিকার, প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয়তা, প্রাথমিক চিকিৎসায় ব্যবহৃত সরঞ্জামাদি ও বৈদ্যুতিক শকপ্রাপ্ত ব্যক্তির প্রাথমিক চিকিৎসা পদ্ধতি।

### ৭.৪.২ ‘বি’ শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রেঃ

**(ক) ডি.সি. জেনারেটরঃ**

মূলনীতি - গঠন ও বিভিন্ন অংশের বর্ণনা, প্রকারভেদ, সান্ট, সিরিজ ও কম্পাউন্ড জেনারেটর এবং বৈশিষ্ট্য, ইন্টারপোল স্পার্কিং এর কারণ ও প্রতিকার, ক্যমুটেটর, ব্রাশের এডজাস্টমেন্ট ও মেইন্টেন্যান্স, ডি.সি. জেনারেটরের প্যারালাল অপারেশন ও সংযোগ পদ্ধতি।

**(খ) ডি.সি. মোটর:**

মূলনীতি - গঠন ও বিভিন্ন অংশের বর্ণনা, প্রকারভেদ, টর্ক, সান্ট, সিরিজ ও কম্পাউন্ড মোটর এবং বৈশিষ্ট্য, ব্যবহার, স্টার্টিং পদ্ধতি, স্পিড কন্ট্রোল, ৩ পয়েন্ট স্টাটার ও ৪ পয়েন্ট স্টাটার সংযোগ পদ্ধতি, মোটরের প্রোটেকশন পদ্ধতি;

**(গ) এ.সি. জেনারেটর বা অল্টারনেটর:**

মূলনীতি - বিভিন্ন অংশের নাম, গঠন, সিনক্রোনাস রিয়াক্টেন্স, ফ্রিকুয়েন্সি নিয়ন্ত্রণ ও ভোল্টেজ নিয়ন্ত্রণ, সিনক্রোনাইজেশন প্রক্রিয়া ও শর্তাবলি, ল্যাম্প টেস্ট পদ্ধতি, ডি.সি. জেনারেটর এবং এ.সি. জেনারেটরের মধ্যে পার্থক্য, অল্টারনেটরের সমান্তরাল অপারেশন ও সংযোগের পদ্ধতি, অটো ট্রান্সফার সুইচ এর কার্যপদ্ধতি ও ব্যবহার;

**(ঘ) এ.সি. মোটর:**

মূলনীতি-বিভিন্ন অংশের নাম ও কাজ, বিভিন্ন প্রকার মোটরের গঠন,কার্যপদ্ধতি ও ব্যবহারক্ষেত্র, ভেক্টর ডায়াগ্রাম, ইকুইভেলেন্ট সার্কিট, রেগুলেশন, স্লিপ, বিভিন্ন প্রকার মোটরের স্টার্টিং পদ্ধতি, ডাইরেক্ট অনলাইন স্টার্ট পদ্ধতি, স্টার ডেল্টা স্টার্ট পদ্ধতি, টর্ক ক্যালকুলেশন, মোটরের স্পিড কন্ট্রোল, ভিএফডি, মোটরের সমান্তরাল অপারেশন ও সংযোগ পদ্ধতি, মোটরের প্রোটেকশন পদ্ধতি, মোটরের মেন্টেন্যান্স, রিপেয়ার ও প্রিভেনশন;

**(ঙ) লিফট, এস্কেলেটর, রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশন:**

লিফট/ এস্কেলেটর গঠন, প্রকারভেদ, স্থাপন পদ্ধতি- ব্যবহৃত যন্ত্রপাতির নাম ও কাজ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারনা, রেফ্রিজারেটর/ এয়ারকন্ডিশনের মূলনীতি, গঠন পদ্ধতি - ব্যবহৃত যন্ত্রাংশের নাম ও কাজ- প্রকারভেদ- পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারনা;

### ৭.৪.৩ ‘এ’ শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রেঃ

**(ক) পাওয়ার স্টেশনঃ**

**বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদন সম্পর্কিত প্রাথমিক জ্ঞান, পাওয়ার স্টেশনের প্রকারভেদ, বিভিন্ন প্রকার পাওয়ার স্টেশনের- মূলনীতি, কার্যপদ্ধতি, সুবিধা, অসুবিধা ও তুলনামূলক বিবরণ, জেনারেশন হতে ডিস্ট্রিবিউশন পর্যন্ত পাওয়ার সিস্টেম সিঙ্গেল লাইন ডায়াগ্রাম;**

**(খ) সাবস্টেশন/ গ্রিড সাবস্টেশন:**

প্রাথমিক ধারণা, প্রকারভেদ -সাবস্টেশনে ব্যবহৃত যন্ত্রাদির তালিকা, সাবস্টেশনের কাজ, সাবস্টেশনের লে-আউট প্লান, সিঙ্গেল লাইন ডায়াগ্রাম অংকন, সাবস্টেশনের রক্ষণাবেক্ষণ, শর্ট সার্কিট, রিলে সেটিং, ডিসি সাপ্লাই, আর্থিং, অতি উচ্চ ও উচ্চ, মধ্যম এবং নিম্ন চাপের ক্ষেত্রে উহাদের নির্বাচন, স্থাপন ও ব্যবহার;

**(গ) ট্রান্সফরমার:**

মূলনীতি - বিভিন্ন অংশের বর্ণনা ও প্রকারভেদ, ট্রান্সফরমারের কার্যনীতি, ট্রান্সফরমারের ক্যাপাসিটি, কানেকশন ও ভেক্টর গ্রুপ, ট্রান্সফরমারের ভোল্টেজ ইক্যুয়েশন, ট্রান্সফরমার রেসিও, পোলারিটি, ভোল্টেজ রেগুলেশন, ফল্ট কারেন্ট নির্ণয়, বিভিন্ন প্রকার লস ও এফিসিয়েন্সি, ট্রান্সফরমার ট্যাপিং, আইডিয়াল ট্রান্সফরমার ,অটো ট্রান্সফরমার, টেস্টিং এন্ড ক্যালিব্রেশন অফ ইন্সট্রুমেন্ট ট্রান্সফরমার (পটেনশিয়াল ট্রান্সফরমার, কারেন্ট ট্রান্সফরমার), পাওয়ার ট্রান্সফরমার, ট্রান্সফরমারের প্যারালাল অপারেশনের শর্ত, বুখলস রিলে, ডিফারেন্সিয়াল পটেনশিয়াল রিলে, ব্রিদার, ট্রান্সফরমার তেল, ট্রান্সফরমার এর কুলিং সিস্টেম, ট্রান্সফরমার সংযোগ, অপারশেন, রক্ষণাবেক্ষণ পদ্ধতি, টেস্টিং এন্ড কমিশনিং অফ ট্রান্সফরমার;

**(ঘ) সুইচ গিয়ার:**

সুইচ গিয়ারের উপাদান, প্রকারভেদ - ব্যবহারের প্রয়োজনীয়তা, বিভিন্ন প্রকার ফিউজ ও সার্কিট ব্রেকারের ব্যবহার ক্ষেত্র নির্ণয় ও সংযোগ পদ্ধতি, শর্ট সার্কিট এবং রিলে সেটিং, ভিসিবি, এমওসিবি, ওসিবি, এসএফ৬, জিআইএস, এলবিএস, এসিবি, এমসিসিবি, এমসিবি ইত্যাদির গঠন , বৈশিষ্ট্য , কার্যপ্রণালী, স্থাপন, টেস্টিং এন্ড কমিশনিং, সমস্যা নির্ণয় ও সমাধান পদ্ধতি, ডিসি কন্ট্রোল সিস্টেম সম্পর্কে ধারনা;

**(ঙ) পাওয়ার ফ্যাক্টর ইম্প্রুভমেন্ট (পিএফআই)**

পিএফআই এ ব্যবহৃত যন্ত্রাংশের নাম ও কাজ, লো পাওয়ার ফ্যাক্টর এর কারণ ও প্রভাব, পিএফআই এর সুবিধা, পাওয়ার ফ্যাক্টরের মান উন্নয়নের পদ্ধতি, ক্যাপাসিটর ব্যাংক ও রেজোন্যান্স সম্পর্কে জ্ঞান, ক্যাপাসিটর ব্যাংক ও ফিল্টার স্থাপন ও সংযোগ প্রদান;

**(চ) ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লাইন:**

ওভারহেড লাইন, ওভারহেড লাইনে ব্যবহৃত কন্ডাক্টরের প্রকারভেদ- নির্বাচন পদ্ধতি, তড়িৎ পরিবাহকের স্পেসিং, ক্রস আর্মস, গার্ড ওয়্যারস, স্প্যানের দৈর্ঘ্য, ক্লিয়ারেন্স ফ্রম গ্রাউন্ড এন্ড বিল্ডিং, কম্পোনেন্ট অফ ওভারহেড লাইন, জয়েন্ট পদ্ধতি, স্যাগ পরিমাপ পদ্ধতি, ব্যলান্সার, বুশটার, ডেম্পার, ট্রাভেলিং ওয়েভ, লাইটেনিং এরেস্টর ইত্যাদির গঠন ও ব্যবহার, ইনসুলেটর- গঠন, প্রকারভেদ, বৈশিষ্ট্য, ব্যবহার, টেস্টিং পদ্ধতি ইত্যাদি সম্পর্কে ধারণা, পোল বা টাওয়ার- শ্রেণিবিভাগ, স্থাপনের বিবেচ্য বিষয়াদি, আর্থিং অফ পোল বা টাওয়ার, এ্যারিয়্যাল লাইন ও আন্ডার গ্রাউন্ড লাইন স্থাপন পদ্ধতি, ক্যাবল স্থাপন ও জোড়া দেয়া, করোনা ইফেক্ট, স্কিন ইফেক্ট, ফ্যারান্টি ইফেক্ট;

**(ছ) আর্থিং ও লাইটেনিং প্রোটেকশন সিস্টেম:**

আর্থিং এর সংজ্ঞা - প্রয়োজনীয়তা, বিভিন্ন প্রকার আর্থিং করিবার পদ্ধতি বর্ণনা, পাইপ আর্থিং ও প্লেট আর্থিং, লাইটেনিং প্রোটেকশন সিস্টেমের গুরত্ব, প্রয়োজনীয়তা, বিভিন্ন প্রকার লাইটেনিং প্রোটেকশন সিস্টেম করিবার পদ্ধতি বর্ণনা।

৮. ঠিকাদারদের বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স

**৮.১ নতুন আবেদনের ক্ষেত্রে:**

- শ্রেণি : 'সি', 'বিসি' 'এবিসি'
- বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের জন্য আবেদন দাখিল, ইত্যাদি :
  (ক) ট্রেড লাইসেন্স কপি;
  (খ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের কপি;
  (গ) টি আই এন সার্টিফিকেটের কপি;
  (ঘ) মালিক বা ব্যবস্থাপনা পরিচালকের জাতীয় পরিচয়পত্রের কপি;
  (ঙ) বৈদ্যুতিক ঠিকাদারি প্রতিষ্ঠানে নিয়োজিত রহিয়াছে মর্মে একজন বৈদ্যুতিক সুপারভাইজারের ঘোষণাপত্র বা অনলাইনে সম্মতি:
  তবে শর্ত থাকে যে, মালিক নিজে বৈদ্যুতিক সুপারভাইজার হইলে তাহার জন্য এ দফা প্রযোজ্য হইবে না;
  (চ) ফিপ্রদান সম্পর্কিত ট্রেজারি চালানের মূল কপি; এবং
  (ছ) টেস্টিং যন্ত্রপাতি ক্রয়ের রশিদ।
- বৈদ্যুতিক যন্ত্রপাতি : বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের জন্য আবেদনকারী প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট আর্থ টেস্টার, ইনসুলেশন টেস্টার এবং ক্লিপ-অন এ্যাম্পিয়ার মিটার এবং সুরক্ষা সরঞ্জামাদি, যেমন-হেলমেট, সেফটি বেল্ট ও ইনসুলেটেড হ্যান্ড গ্লোবস থাকিতে হইবে।
- আবেদনের ফিসমূহ :

| শ্রেণি | ফি |
|---|---|
| সি | ১২০০/- টাকা |
| বিসি | ৩৬০০/- টাকা |
| এবিসি | ৮৪০০/-টাকা |

- চালানের কোড নম্বর : ১ ৫৬৩১ ০০০০ ১৮৫৪
- কোথায় চালান জমা দিবেন : বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংক লি:
- টেস্টিং ফি : প্রতি শ্রেণির জন্য ৬০০ টাকা হারে মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করতে হয়।
- কোথায় আবেদন করবেন : অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণয় নিম্নে দেয়া হলো:

| | | |
|---|---|---|
| **রেজিস্ট্রেশন পদ্ধতি** | ক) | প্রথমে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে **e-service.ocei.gov.bd** লিংকে প্রবেশ করুন। |
| | খ) | Registration বাটনে ক্লিক করুন ও User Registration Form পূরণ করুন এবং Submit বাটনে ক্লিক করুন। |
| | গ) | মোবাইলে একটি চার ডিজিট এর OTP যাবে সেটি ফরমে নির্ধারিত স্থানে ব্যবহার করুন এবং Submit বাটনে ক্লিক করুন। |
| **লগইন** | ঘ) | User ID হিসেবে নিজেদের মোবাইল নম্বর (ইংরেজি ডিজিট) অথবা ই-মেইল ব্যবহার করুন। |
| | ঙ) | Password হিসেবে রেজিস্ট্রেশন এ প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করুন। |
| | চ) | Login বাটনে ক্লিক করুন। |
| **এপ্লিকেশন পদ্ধতি** | ছ) | Application Menu তে ক্লিক করুন এবং সাবমেনু থেকে আপনার কাঙ্খিত এপ্লিকেশন (ঠিকাদারী লাইসেন্স এপ্লিকেশন) এ ক্লিক করুন । |
| | জ) | আবেদনের নিয়মাবলিগুলি বিস্তারিতভাবে পড়ুন এবং I Agree বাটনে ক্লিক করুন। |
| | ঝ) | যে ফরমটি পাবেন তাতে আপনার নিজের ব্যক্তিগত তথ্যগুলি যেমন স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা সঠিকভাবে ইংরেজি ঘরে ইংরেজিতে এবং বাংলার ঘরে বাংলাতে পূরণ করুন। |
| | ঞ) | সংযুক্তিতে আপনার ছবি ও স্বাক্ষর সংযুক্ত করে **I hereby declare** এর বাম পাশের চেক বক্সে ক্লিক করুন এবং Save & Next বাটনে ক্লিক করুন। |
| **ফি প্রদান পদ্ধতি** | ট) | (১) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালান এর মাধ্যমে নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করে চালান এর স্ক্যান কপি সংরক্ষণ করুন। License Fee এর ঘরে ব্যাংকের নাম, ব্রাঞ্চের নাম, চালান নং, তারিখ ও চালানের স্ক্যান কপি সংযুক্ত করে "Save Payment Info" বাটনে ক্লিক করুন। |
| | | (২) Center Fee পরিশোধ এর জন্য Make Payment বাটনে ক্লিক করুন এবং মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করুন। |
| **ফাইনাল সাবমিশন** | ঠ) | পেমেন্ট কমপ্লিট হওয়ার পর ড্যাশবোর্ড এর Application List থেকে "Final Submit" বাটন এ ক্লিক করুন। Application এ কোনো ধরনের সংশোধন এর প্রয়োজন থাকলে "Final Submit"বাটনে ক্লিক করার পূর্বেই "EDIT" বাটন এ ক্লিক করে তথ্য সংশোধন করে Save করুন। উল্লেখ্য Final Submit করার পর আর কোন তথ্য সংশোধন করা যাবে না । সফল ভাবে Application সম্পন্ন হলে পপ আপে Your Application Successfully Submited দেখাবে। Dashboard এর List এ Application Status "Submitted" দেখাবে । |

- পরীক্ষার তারিখ, সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে এবং প্রত্যেক পরীক্ষার্থী e-service.ocei.gov.bd হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রবেশপত্রের কপিসহ প্রবেশপত্রে উল্লিখিত কাগজপত্রসমূহ, সংযুক্ত ট্রেজারী চালানের মূলকপি, প্রতিষ্ঠানের নাম খোদাই করা বৈদ্যতিক যন্ত্রপাতি নিয়ে পরীক্ষার সময় উপস্থিত থাকতে হবে।

- যে সকল প্রার্থী **A/B** শ্রেণির জন্য আবেদন করবেন, তাদের পূর্বের লাইসেন্স এর মেয়াদ কমপক্ষে ৬(ছয়) মাস থাকতে হবে।

- প্রার্থী যে তারিখে আবেদন করবেন তার ২(দুই) মাস পূর্বের কোন জমাকৃত চালান গ্রহণযোগ্য হবে না এবং জমাকৃত ট্রেজারী চালানের টাকা ও সেন্টার ফিসের টাকা ফেরৎ যোগ্য নয়।

- যে সকল প্রার্থী পূর্বে রেজিষ্টেশন করেছেন তাদেরকে পুণরায় রেজিষ্টেশন না করে পূর্বের User ID এবং Password দিয়ে লগইন করে আবেদন করতে হবে। উল্লেখ্য একই মোবাইল/ই-মেইল/এনআইডি নম্বর একাধিকবার ব্যবহার করা যাবে না।

- অসম্পন্ন আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

- Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

## ৮.২ বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স নবায়নের ক্ষেত্রে

| | | | |
|---|---|---|---|
| • নবায়নের ফি | : | **শ্রেণি** | **ফি** |
| | | সি | ৬০০/- টাকা |
| | | বিসি | ১৮০০/- টাকা |
| | | এবিসি | ৪২০০/-টাকা |
| • জরিমানাসহ নবায়ন ফি | : | **শ্রেণি** | **ফি** |
| | | সি | ৯০০/- টাকা |
| | | বিসি | ২১০০/- টাকা |
| | | এবিসি | ৪৫০০/-টাকা |
| • চালানের কোড নম্বর | : | ১ ৫৬৩১ ০০০০ ১৮৫৪ | |
| • কোথায় চালান জমা দিবেন | : | বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংক লি: | |
| • নবায়নের জন্য কি প্রয়োজন | : | জমাকৃত মূল ট্রেজারী চালান Scan করতে হবে। | |

- অনলাইনে নবায়নের পদ্ধতি :
  - আপনার রেজিষ্ট্রেশনকৃত মোবাইল নম্বর দিয়ে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে **e-service.ocei.gov.bd** লিংকে প্রবেশ করুন।
  - উপরে ডান পাশের Login বাটনে ক্লিক করুন।
  - আপনার মোবাইল নম্বর দিয়ে User ID এবং আপনার রিসেট করা Password দিন।
  - নিচের Login বাটনে ক্লিক করুন।
  - বাম পাশের Dashboard এর Renewal Application বাটনে ক্লিক করুন।
  - Contractor License বাটনে ক্লিক করলে "Contractor License Renew Application Form" Open হবে।
  - ফরমটি যথাযথভাবে পূরণকরত: আপনার প্রতিষ্ঠানে নিয়োজিত বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স নম্বর নির্ধারিত স্থানে প্রদান করুন এবং Renewal Period কত বছরের জন্য সেই সংখ্যা Select করুন।
  - Renewal Fee Information এর ঘরে জমাকৃত চালানের ব্যাংকের নাম, শাখার নাম, চালান নম্বর ও তারিখ উল্লেখ করুন। টাকার পরিমান Automatically আসবে।
  - Challan Scan Copy এর Choose File ঘরে Scanকৃত চালানটি আপলোড করুন এবং নিচের Submit বাটনে ক্লিক করুন।
  - বৈদ্যুতিক সুপারভাইজারের অনলাইনে সম্মতি গ্রহণপূর্বক আপনার ঠিকাদারি লাইসেন্সের প্যানেলে পুনরায় প্রবেশ করুন এবং Submit বাটন ক্লিক করুন।

**৯. পরিবর্তনের বিষয়ে** : নিম্নবর্ণিত যে কোনো পরিবর্তনের বিষয়ে বৈদ্যুতিক ঠিকাদারকে ২(দুই) মাস সময়ের মধ্যে বোর্ডের সদস্য সচিব বরাবর তফসিলে উল্লিখিত ফি পরিশোধ সাপেক্ষে আবেদন করিতে হইবে এবং তৎকর্তৃক লিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে, যথা

(অ) ব্যবসায়িক ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত ট্রেড লাইসেন্স ও ঠিকানা পরিবর্তন সংক্রান্ত বহুল প্রচারিত একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের কপিসহ আবেদন করিত হইবে;

(আ) মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত ট্রেড লাইসেন্স, ওয়ারিশ সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে, বিক্রয় বা হস্তান্তরের দলিল(নোটারিসহ) এবং মালিকানা পরিবর্তন সংক্রান্ত বহুল প্রচারিত একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের কপিসহ আবেদন করিত হইবে; এবং

(ই) কোম্পানির যে কোনো পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত ট্রেড লাইসেন্স, মেমোরেন্ডাম অব আর্টিকেলের কপিসহ আবেদন করিতে হইবে।

**১০. লাইসেন্সের প্রতিলিপি** : কোনো লাইসেন্স হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট লাইসেন্সদারী তফসিলে উল্লিখিত প্রতিলিপি ফি পরিশোধধপূর্বক লিখিত আবেদন করিলে, লাইসেন্সের প্রতিলিপি প্রদান করা যাইব।

**১১. লাইসেন্স স্থগিত বা বাতিল** : কোনো লাইসেন্সধারী আইন, বিদ্যুৎ বিধিমাল, ২০২০ বা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিলে অথবা লঅইসেন্সে উল্লীখত কোনো শর্ত ভঙ্গ করিলে, বোর্ড, সংশ্লিস্ট লাইসেন্সধারীকে যুক্তিসংগত শুনানির সুযোগ প্রদান করিয়া, লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে এবং প্রয়োজনে, আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং এই বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**১২. তফসিল** :

ইলেকট্রিশিয়ান, বৈদ্যুতিক বৈদ্যুতিক সুপারভাইজার ও বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স এর জন্য প্রযোজ্য ফি'র তালিকা

| বিষয় | শ্রেণি | ইলেকট্রিশিয়ান লাইসেন্স | বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স | বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স |
|---|---|---|---|---|
| লাইসেন্স ফি | সি | টাকা ৯০ | টাকা ৬০০ | টাকা ১২০০ |
| | বিসি | টাকা ২৪০ | টাকা ১৮০০ | টাকা ৩৬০০ |
| | এবিসি | টাকা ৫৪০ | টাকা ৩৬০০ | টাকা ৮৪০০ |
| নবায়ন ফি | সি | টাকা ৩০ | টাকা ৩০০ | টাকা ৬০০ |
| | বিসি | টাকা ৯০ | টাকা ৭২০ | টাকা ১৮০০ |
| | এবিসি | টাকা ১৮০ | টাকা ১৩২০ | টাকা ৪২০০ |
| জরিমানাসহ নবায়ন ফি | সি | টাকা ৬০ | টাকা ৩৯০ | টাকা ৯০০ |
| | বিসি | টাকা ১২০ | টাকা ৮১০ | টাকা ২১০০ |
| | এবিসি | টাকা ২১০ | টাকা ১৪১০ | টাকা ৪৫০০ |
| প্রতিলিপি | প্রতিটি | টাকা ১৫০ | টাকা ৩০০ | টাকা ৬০০ |
| বৈদ্যুতিক ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিকানা বা ঠিকানা পরিবর্তন ফি | প্রতিটি | - | - | টাকা ৫০০০ |
| সেন্টার ফি/টেস্টিং ফি | প্রতি শ্রেণি | টাকা ৩০০ | টাকা ৪০০ | টাকা ৬০০ |

# লাইসেন্স সংক্রান্ত জরুরী সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ দপ্তরের পরিচয় ব্যবহার করে বহিরাগত কিছু স্বার্থান্বেষী লোক প্রতারণার মাধ্যমে সংশ্লিষ্ট ঠিকাদার, ইঞ্জিনিয়ার ও ইলেকট্রিশিয়ানদের কাছে অনলাইনে লাইসেন্স পাইয়ে দেবার নাম করে অবৈধ অর্থ দাবী করে আসছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। উল্লেখ্য, সকল প্রকার লাইসেন্স প্রাপ্তি অনলাইনে ডিজিটাল পদ্ধতিতে হয়ে থাকে। এখানে অবৈধ অর্থ প্রদানের মাধ্যমে লাইসেন্স পাওয়ার কোন সুযোগ নেই। ভুয়া প্রলোভনে পড়ে অবৈধ অর্থ লেনদেন থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

০২। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে যে, এ দপ্তর কর্তৃক প্রদানকৃত লাইসেন্স পাওয়ার জন্য প্রলোভনে পড়ে কোনরূপ আর্থিক লেনদেন করলে তার দায়ভার সংশ্লিষ্ট ব্যক্তিকে বহন করতে হবে। এ দপ্তর কোনভাবেই এ ধরণের লেনদেনের দায়-দায়িত্ব বহন করবে না।

যথাযথ কর্তৃপক্ষ<br>
বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড<br>
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Activate W
Go to Settings